গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৬৯.২২. 75

তারিখ 28/০২/২০২২ খ্রিষ্টাব্দ

বিভাগীয় মামলা নং-089/2022

অভিযোগনামা

যেহেতু, আপনি অর্পনা রানী পাল, পিতা- পাচু রাম পাল, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী (সাবেক নার্সিং সুপারভাইজার, সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা) পূর্বের কর্মস্থলে কর্মরত থাকাকালীন ০৩/০১/২০২২ খ্রিঃ তারিখ স্থানীয় এক মিটিং এ নতুন যোগদানকৃত সিনিয়র স্টাফ নার্স সহ একাধিক কর্মকর্তার উপস্থিতিতে সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল এর কম্পিউটার অপারেটর শহীদ এর পক্ষ থেকে বেতন ভাতাদির কথা বলে নতুন নিয়োগ প্রাপ্ত নার্সদের প্রত্যেকের কাছে ২০০০ টাকা করে উৎকোচ দাবি করেন;

২। যেহেতু, আপনার বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক পেইজে প্রকাশিত অভিযোগের প্রেক্ষিতে এ অধিদপ্তরের ০৯/০১/২০২২ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৬৯.২২.১৮ নং স্মারকে কারণ দর্শানো হয় এবং আপনি উক্ত কারণ দর্শানোর জবাব দাখিল করেন;

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক পেইজে প্রকাশিত অভিযোগ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর আওতাভুক্ত অপরাধ;

৪। সেহেতু, আপনি অর্পনা রানী পাল, পিতা- পাচু রাম পাল, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী (সাবেক নার্সিং সুপারভাইজার, সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা)কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর দায়ে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধির আওতায় অন্য কোনো যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এই অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য বলা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর এক কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

প্রাপকঃ অর্পনা রানী পাল
সিনিয়র স্টাফ নার্স ( সাবেক নার্সিং সুপারভাইজার)

স্বাঃ/-
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

বর্তমান ঠিকানা
অর্পনা রানী পাল
পিতা- পাচু রাম পাল
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী (সাবেক নার্সিং সুপারভাইজার, সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা)।

স্থায়ী ঠিকানা
অর্পনা রানী পাল
পিতা- পাচু রাম পাল
গ্রামঃ তালবুনিয়া, ইউনিয়নঃ ইসলামগঞ্জ
উপজেলাঃ রামপাল, জেলাঃ বাগেরহাট।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৬৯.২২. ৭৫/২(৫)

তারিখ-২৮/০২/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক, সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা।
৩। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া , নোয়াখালী।
৫। সহকারী পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর, ঢাকা (অভিযোগনামাটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
৬। সেবা তত্ত্বাবধায়ক, সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা।
৭। জেলা পাবলিক হেলথ নার্স, সাতক্ষীরা/ নোয়াখালী।
৮। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া , নোয়াখালী।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

28/2/22

মোঃ রশিদুল মান্নাফ কবীর
উপসচিব
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোনঃ ০২-৪১০৮০৪১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৭০.২২-৭৩ তারিখ:২৬/০২/২০২২ খ্রিষ্টাব্দ

বিভাগীয় মামলা নং- 050/2022

অভিযোগনামা

যেহেতু, আপনি মোছাঃ আছমা আকতার, পিতা- মোঃ তৈমুর হোসেন, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী (সাবেক কর্মস্থল- সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা) পূর্বের কর্মস্থলে কর্মরত থাকাকালীন ০৩/০১/২০২২ খ্রিঃ তারিখ স্থানীয় এক মিটিং এ নতুন যোগদানকৃত সিনিয়র স্টাফ নার্স সহ একাধিক নার্সিং কর্মকর্তাদের উপস্থিতিতে জনাব অর্পিতা রানী পাল, নার্সিং সুপারভাইজার কম্পিউটার অপারেটর শহীদ এর পক্ষ থেকে বেতন ভাতাদির কথা বলে নতুন নিয়োগ প্রাপ্ত নার্সদের প্রত্যেকের কাছে ২০০০ টাকা করে উৎকোচ দাবি করার সময় সহমত পোষণ করেন এবং উৎকোচ দিতে বলেন;

২। যেহেতু, আপনার বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক পেইজে প্রকাশিত অভিযোগের প্রেক্ষিতে এ অধিদপ্তরের ০৯/০১/২০২০ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৭০.২২.১৯ নং স্মারকে কারণ দর্শানো হয় এবং আপনি উক্ত কারণ দর্শানোর জবাব দাখিল করেন;

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক পেইজে প্রকাশিত অভিযোগ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ক২(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর আওতাভুক্ত অপরাধ;

৪। সেহেতু, আপনি মোছাঃ আছমা আকতার, পিতা- মোঃ তৈমুর হোসেন, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী (সাবেক সিনিয়র স্টাফ নার্স, সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা)কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' এর দায়ে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকুরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধির আওতায় অন্য কোনো যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এই অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য বলা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর এক কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

প্রাপকঃ মোছাঃ আছমা আক্তার
সিনিয়র স্টাফ নার্স

স্বা:-
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

বর্তমান ঠিকানা
মোছাঃ আছমা আক্তার
পিতা- মোঃ তৈমুর হোসেন
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী (সাবেক কর্মস্থল- সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা)।

স্থায়ী ঠিকানা
মোছাঃ আছমা আক্তার
পিতা- মোঃ তৈমুর হোসেন
গ্রামঃ ইসলামকাটী, ইউনিয়নঃ ইসলামকাটী
উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা।

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৭০.২২ .৭৬/১ (৯)

তারিখ: ২৮/০২/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক, সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা।
৩। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া , নোয়াখালী।
৫। সহকারী পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর, ঢাকা (অভিযোগনামাটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
৬। সেবা তত্ত্বাবধায়ক, সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা।
৭। জেলা পাবলিক হেলথ নার্স, সাতক্ষীরা/ নোয়াখালী।
৮। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া , নোয়াখালী।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

28/2/22

মোঃ রশিদুল মান্নাফ কবীর
উপসচিব
পরিচালক (শিক্ষা ও শৃংখলা )
ফোনঃ ০২-৪১০৮০৪১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm .gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১২৮.২১. তারিখ- /০২/২০২২ খ্রিষ্টাব্দ

**অফিস আদেশ**

যেহেতু, জনাব জান্নাতুল ফেরদৌস, পিতা- শেখ জালাল উদ্দীন, সিনিয়র স্টাফ নার্স, কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতাল (সাবেক কর্মস্থল- জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা) এর বিরুদ্ধে আনীত অভিযোগে উল্লেখ করা হয়েছে যে, সাবেক কর্মস্থল জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা থাকাকালীন নার্সেস ডরমেটরি শিমুল ৫ম তলায় গত ০১/১০/২০২০ খ্রিঃ তারিখ আনুমানিক রাত ৯.০০ ঘটিকায় জনাব মোছাঃ রেহেনা খাতুন, পিতা- আবুল হোসেন, সিনিয়র স্টাফ নার্স এর সাথে শারীরিক সংঘর্ষে জড়িয়ে পড়েন;

২। যেহেতু, উল্লিখিত কারণে জনাব জান্নাতুল ফেরদৌস, সিনিয়র স্টাফ নার্সকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর ১৯/১১/২০২০ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৮০.২০২০.২৩৪ নং স্মারকে তদন্ত কমিটি গঠন করা হয় এবং তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে শারীরিক সংঘর্ষের অভিযোগ সত্য মর্মে প্রমাণিত হয়;

৩। যেহেতু, কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযোগ সত্য মর্মে প্রমাণিত হয়, সেহেতু তার বিরুদ্ধে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর ০৩/১০/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১২৮.২১.৪১১ নং স্মারকে ০৩৬/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় তার ০৭/১০/২০২১ খ্রিঃ তারিখের দাখিলকৃত জবাব এর প্রেক্ষিতে ২২/১২/২০২১ খ্রিঃ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও নথি উপস্থাপনকারী কর্মকর্তার বক্তব্য এবং সংশ্লিষ্ট নথি নিরীক্ষা ও পর্যালোচনায় জনাব জনাব জান্নাতুল ফেরদৌস, পিতা- শেখ জালাল উদ্দীন, সিনিয়র স্টাফ নার্স, কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতাল (সাবেক কর্মস্থল- জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে;

৫। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) বিধি অনুযায়ী জনাব জান্নাতুল ফেরদৌস, পিতা- শেখ জালাল উদ্দীন, সিনিয়র স্টাফ নার্স, কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতাল, কক্সবাজার (সাবেক কর্মস্থল- জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা)কে তিরস্কার (Censure) দন্ড প্রদান করা হলো।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১২৮.২১. ৭৪/৩(৯) তারিখ ২৮/০২/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
২। পরিচালক, কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতাল, কক্সবাজার/ জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ, ঢাকা।
৫। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কক্সবাজার।
৬। সহকারী পরিচালক, পিএমআইএস শাখা, এ অধিদপ্তর, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭। সেবা তত্ত্বাবধায়ক, কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতাল, কক্সবাজার/ জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
৮। জনাব জান্নাতুল ফেরদৌস, পিতা- শেখ জালাল উদ্দীন, সিনিয়র স্টাফ নার্স, কক্সবাজার মেডিকেল কলেজ হাসপাতাল, কক্সবাজার (সাবেক কর্মস্থল- জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা)।
৯। মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২৮/২/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)
ফোনঃ ০২-৪১০৮০৪১৭